

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর
বাংলাদেশ, ঢাকা।
www.dshe.gov.bd

স্মারক নং- ওএম-৯৪-জিএ/২০১১(অংশ-২)/৩৬৪৪৪

তারিখ: ০৪/০৭/২০১৭খ্রি:


**মোবাইল নম্বর পরিবর্তন/বন্ধ বা অন্য কোন কারণে যারা টেলিটক বাংলাদেশ
লিমিটেড এর ০৭/০৭/২০১৭ তারিখে অনুষ্ঠিতব্য উচ্চমান সহকারী, হিসাব
সহকারী, বুক স্টার ও এম.এল.এস.এস পদের লিখিত পরীক্ষা সংক্রান্ত
বার্তা এখনও পাননি তাদের প্রবেশপত্র প্রাপ্তি সংক্রান্ত বিজ্ঞপ্তি**

এতদ্বারা সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর এবং অধিদপ্তরাধীন বিভিন্ন অফিস/শিক্ষা প্রতিষ্ঠানসমূহে উচ্চমান সহকারী, হিসাব সহকারী, বুক স্টার ও এম.এল.এস.এস. পদে নিয়োগের জন্য আবেদনকারীদের লিখিত পরীক্ষা আগামী ০৭/০৭/২০১৭ তারিখ রোজ শুক্রবার ৪র্থ শ্রেণির বুক স্টার ও এম.এল.এস.এস. পদে সকাল ১০.০০ ঘটিকায় এবং ৩য় শ্রেণির উচ্চমান সহকারী ও হিসাব সহকারী পদে বিকাল ৩.৩০ ঘটিকায় ঢাকা মহানগরীর বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠানে অনুষ্ঠিত হবে।

উক্ত পরীক্ষার আসন বিন্যাসসহ অন্যান্য তথ্য মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর এর ওয়েব সাইট (www.dshe.gov.bd) এবং প্রবেশপত্র টেলিটক বাংলাদেশ লিমিটেড এর ওয়েব সাইট (<http://dshe.teletalk.com.bd>)- এ পাওয়া যাবে এবং ডাউনলোড করে নিতে হবে। পরীক্ষার সময়সূচিসহ অন্যান্য তথ্যাদি সংশ্লিষ্টদেরকে জাতীয় দৈনিক পত্রিকায় বিজ্ঞপ্তি ও টেলিটক বাংলাদেশ লিমিটেড এর বার্তার মাধ্যমে ইতোমধ্যে জানিয়ে দেয়া হয়েছে।

যে সকল আবেদনকারীর আবেদনপত্রে প্রদত্ত মোবাইল নম্বর পরিবর্তন/বন্ধ বা অন্য কোন কারণে টেলিটক বাংলাদেশ লিমিটেড এর ০৭/০৭/২০১৭ তারিখে অনুষ্ঠিতব্য লিখিত পরীক্ষা সংক্রান্ত বার্তা এখনও পাননি, তারা নিম্নোক্ত ভাবে প্রবেশপত্র গ্রহণ করতে পারবেন। <http://dshe.teletalk.com.bd> ওয়েব সাইট ওপেন করে **Recover User ID**-তে গিয়ে (**Post Name, Name, Father's Name, Mobile Number**) উক্ত তথ্য গুলো দিয়ে প্রথমে **User ID** নিতে হবে। তারপর **Recover Password**-এ গিয়ে **User ID ও Mobile Number** দিয়ে **Password** নিতে হবে।

প্রাপ্ত User ID ও Password দিয়ে Admit Card সংগ্রহ করা যাবে।


(প্রফেসর মোহাম্মদ শামছুল হুদা)
পরিচালক (কলেজ ও প্রশাসন)
ও
সভাপতি, বিভাগীয় নির্বাচন কমিটি
ফোন- ৯৫৬৩৪৩৯